



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৫-২০১৬/৪২২৯

তারিখ: ১৭/০৫/২০১৮

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা পূর্ববর্তী শিক্ষাবর্ষে বর্তমানে অধ্যয়নরত অথবা যারা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ বা তৎপূর্বে মাস্টার্স প্রফেশনাল কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড পেয়েছে, সে সকল শিক্ষার্থীর দ্বৈত ভর্তির কারণে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হয়নি। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনায় এনে তাদের পূর্বের ভর্তি বাতিলপূর্বক (নির্ধারিত জরিমানা ও ভর্তি বাতিল ফি প্রদান করে) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তাদের জরিমানা ও ভর্তি বাতিলের হার নিম্নরূপঃ

ক্রমিক	ভর্তি বাতিলকারীর ধরণ	জরিমানার পরিমাণ
ক)	২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পূর্বে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়েছে এবং পরীক্ষায় অংশগ্রহণ করেছে।	প্রতি শিক্ষার্থী ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ভর্তি বাতিল ফি= ৭০০/- (সাতশত) টাকা
খ)	২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পূর্বে মাস্টার্স প্রফেশনাল কোর্সে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়েছে এবং পরীক্ষায় অংশগ্রহণ করেছে।	
গ)	২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের পূর্বে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়েছে কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করেনি।	প্রতি শিক্ষার্থী ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা ও ভর্তি বাতিল ফি= ৭০০/- (সাতশত) টাকা
ঘ)	২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ বা তৎপূর্বে মাস্টার্স প্রফেশনাল কোর্সে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়েছে কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করেনি।	
ঙ)	অনলাইনে ভর্তি বাতিলের লিংক	http://202.51.179.36/PMS/Student/AdmissionCancel.aspx

উল্লিখিত জরিমানা ও ভর্তি বাতিল ফি প্রদানপূর্বক যে সকল শিক্ষার্থী তাদের পূর্ববর্তী ভর্তি বাতিল করবে, সে সকল শিক্ষার্থীর ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত বিষয়ে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হবে।

উল্লেখ্য যে, শিক্ষার্থী যে শিক্ষা কার্যক্রমের (ক্রমিক ক, খ, গ অথবা ঘ) ভর্তি বাতিল করবে তাকে সংশ্লিষ্ট শিক্ষা কার্যক্রমের মূল রেজিস্ট্রেশন কার্ডটি স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র দপ্তরে অবশ্যই জমা দিতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়

ফোন : ৯২৯১০৭৪

ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৫-২০১৬/৪২২৯

তারিখ: ১৭/০৫/২০১৮

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪